

সোনাল  
জনকণ্ঠ

তারিখ... 01.MAR.2015...  
পৃষ্ঠা... ২... কলাম... ১...

### বেসরকারী শিক্ষকদের বেতনের চেক ব্যাংকে

মাধ্যমিক ও উচ্চশিক্ষা  
অধিদফতরাধীন বেসরকারী স্কুল,  
কলেজ ও মাদ্রাসার শিক্ষক-  
কর্মচারীদের এপ্রিল মাসের বেতন-  
ভাতাদির সরকারী অংশের চেক  
অনুদান বণ্টনকারী অগ্রণী ও রূপালী  
ব্যাংকের প্রধান কার্যালয় ও জনতা,  
সোনালী ব্যাংকের স্থানীয় কার্যালয়ে  
হস্তান্তর করা হয়েছে। খবর বাসসর।  
আগামী ১১ মে পর্যন্ত সংশ্লিষ্ট শাখা  
ব্যাংক হতে শিক্ষক-কর্মচারীগণ  
তাদের স্ব স্ব ব্যাংক এ্যাকাউন্ট নম্বরের  
মাধ্যমে এপ্রিল মাসের বেতন-  
ভাতাদির সরকারী অংশ উত্তোলন  
করতে পারবেন।

এবতেদায়ী মাদ্রাসা : বেসরকারী  
স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসাসমূহের  
শিক্ষকদের জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত  
৩য় কিস্তির অনুদানের টাকা অনুদান  
বণ্টনকারী অগ্রণী ও রূপালী ব্যাংকের  
প্রধান কার্যালয়ে এবং জনতা ও  
সোনালী ব্যাংকের স্থানীয় কার্যালয়ে  
হস্তান্তর করা হয়েছে।